দামুড়হুদায় এ.আর. মালিক প্রাইভেট লিঃ কপির বীজ কিনে বিপাকে কৃষকরা

দামুড়হুদায় মজলিসপুর গ্রামের কৃষকেরা এ আর মালিক সীডস্ প্রাইভেট লিমিটেডের নিকট ফুলকপির বীজ কিনে বিপাকে পড়েছেন।

দামুড়হুদা উপজেলার অন্তর্ভুক্ত মজলিসপুর গ্রামের সাধারণ কৃষকরা তাদের জমিতে ফুল কপি লাগানোর জন্য বীজ কিনতে পাশ্ববর্তী মেহেরপুর জেলার বড় বাজারে অবস্থিত আল্লাহর দান বীজ ভাণ্ডার ও তাঈম এগ্রো সীডের দোকানে যান সেসময় এ আর মালিক সীড এর পরিবেশক মেহেরপুর বড়বাজারে প্রোঃ দয়াল রানা এ আর মালিক সীডস্ প্রাইভেট লিমিটেডের WHITE STONE এর SAKATA সীডস্রে বীজ ভালো হবে বলে কৃষকদেরকে বীজ কিনতে উৎসাহী করলে মজলিসপুর গ্রামের প্রায় ২৫/৩৫ জন কৃষক প্রায় ১৪০ প্যাকেট বীজ ৫৫০ টাকা দরে কেনেন।

কৃষকরা তাদের মাঠের জমিতে ঐ কোম্পানির বীজ দিয়ে বেড তৈরির ৩০/৪০ দিনের মধ্যে বেডেই ফুলকপির গুটি বেরহতে দেখেন এবং ফুলকপি ওজন হয় ৫০-১০০ গ্রামের মতো। সাধারণ বেডে থাকার ৬০ দিন পর চারা রোপণ করার কথা কিন্তুু দেখা গেছে ৩০-৪০ দিন পরই কপি বেরিয়ে যায়। বীজ কিনে ফুল বেরোনোর পর ফলন না হওয়ায় দিশেহারা কৃষকেরা।

উপজেলার মজলিসপুর গ্রামের কৃষক রিপন ৫, হয়রত ৫, আশা আলী ৪, আনাস ৩, ছাদ আলী ৬, সুরুজ ১৩, আবু সাঈদ ৪, মাহাফুজ ২, শান্তি ৩, মামুন২, আজাদ ৩, কালা চাঁদ ২, রাজন ৬, রাকিব ২ প্যাকেট সহ আরো ১০ জন কৃষক বীজ কিনে চরম বিপাকে পড়ে কৃষি অফিসার বরাবর ২৯ ডিসেম্বর, অভিযোগ করেন। এর প্রেক্ষিতে এ আর মালিক সীডস্ প্রাইভেট লিমিটেডের এরিয়া ম্যানেজার (মার্কেটিং ডেভেলপমেন্ট) আব্দুল হালিম কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দামুড়হুদায় কৃষি অফিসে উপস্থিত থেকে আসস্ত করে বলেন, কৃষকদের সাথে মাঠে গিয়ে সরেজমিন তদন্ত করে দেখার পর প্রকৃতি কৃষকদের সাথে কথা বলে ডিলারের মাধ্যমে সমাধানর করা হবে। কিন্তু বিভিন্ন ভাবে কাল ক্ষেপণ করে কোম্পানির প্রতিনিধিরা জানান, আমাদের কোম্পানির বীজ কৃষকরা যে পরিমাণে ক্রয় করেছেন সে পরিমাণের দাম ক্ষতি পূরণ হিসেবে দেওয়া হবে। কৃষকরা তাতে রাজি হয়নি।

কৃষকদের দাবি আমরা নিজ ও পরের জমিতে চাষ করি, সেখানে দেখা যাচ্ছে আমাদের সার – তেল, জমির খরচ, শ্রমিক খরচ দিয়ে অনেক খরচ হয়ে যায়। অথচ কোম্পানিটি আমাদের কে শুধু বীজের দাম দেওয়ার কথা বলছে, তাতে আমরা রাজি নয়। আমাদের দামুড়হুদা কৃষক সমাজের অভিভাবক কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামানের কাছে আমাদের অভিযোগ দেওয়া আছে।

আমাদের যে পরিমাণের ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ আমরা পাব বলে আশা করছি। আর কোন কৃষক ভাইদের ক্ষতি যেন না হয় সেজন্য এধরণের বীজ যাতে বাজারজাত না করতে পারে এবং কৃষক ও কৃষি ধ্বংস করে কেউ যেন বেশি মুনাফা অর্জন করতে না পারেন সে বিষয় টি যথাযথ কর্তৃপক্ষের দেখার জন্য দাবি জানিয়েছেন কৃষকরা।

লক্ষীপুর ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা বজলুর রহমান উপজেলা কৃষি কর্মকর্তা বরাবর দেওয়া তদন্ত প্রতিবেদনে দেখা গেছে, গত ২৯ ডিসেম্বও, বিকাল ৩ টার দিকে ফুলকপি আবাদ কারী কৃষকদের মৌলিক অভিযোগের ভিত্তিতে কলাবাড়ী মজলিসপুর গ্রামের ১৫ জন কৃষকের জমি পরিদর্শন করেন। পরিদর্শন কালে দেখেন কপির বয়স পূর্ণ না হওয়ার আগেই ফুল কপির গাছে ফুল এসে গেছে।

কৃষকদের নিকট থেকে জানতে পারি যে, এ আর মালিক সীড কোঃ লিঃ এর হোয়াইট স্টোন জাতের তাঁরা বপন করেছে। বিক্রেতাদের কাছ থেকে বীজ গুলি ক্রয় করে সেপ্টেম্বর মাসের শেষে এবং অক্টোবর মাসের শেষের প্রথম দিকে রোপণ করা হয়। বিক্রেতা তাদের বলে এই বীজ বপন করলে ফুলকপির ভালো ফলন হবে। কলাবাড়ী ব্লকের মজলিসপুর গ্রামের ১৫ জন কৃষকের ৬.৬৬(একর) জমির ফুল কপি সম্পূর্ণ রুপে ক্ষতি গ্রস্থ হয়, যাহার আনুমানিক ক্ষতির পরিমাণ ৮ লক্ষ টাকা।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান বলেন, উপজেলার মজলিসপুর গ্রামের কৃষকরা কপির বীজ ক্রয় করে ফলন না হওয়ায় স্বশরীরে হাজির হয়ে অভিযোগ করেছিলেন, বিষয় টি আমরা গুরুত্বের সঙ্গে দেখেছি। উল্লেখিত বিষয় টি তদন্তের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন উপ-সহকারী কৃষি কর্মকর্তা বজলুর রহমানকে সরেজমিন তদন্ত পূর্বক রিপোর্ট দেওয়ার জন্য বলা হয়েছিলো।

মজলিসপুর গ্রামের কৃষক ভাইদের কি পরিমাণ জমিতে ফুল কপি রোপণ করা হয়েছিলো তা সরোজিনে গিয়ে তদন্ত পূর্বক গত পরশু রবিবারে আমি তদন্ত প্রতিবেদন হাতে পেয়েছি।

সেখানে দেখা গেছে কৃষকদের ৬.৬৬ একর জমিতে লাগানো ফুল কপির ক্ষতি

হয়েছে। কোম্পানির প্রতিনিধিরা আমাদেরকে জানিয়েছিলেন আমরা কর্তৃপক্ষের নিকট কথা বলে ডিলারদের মাধ্যমে কৃষকদের নিয়ে সমাধানের চেষ্টা করবো। যেহেতু তারা বিষয় টি কৃষকদের সাথে সমাধানে আসতে পারেন নি, এজন্য তদন্ত প্রতিবেদন টি আমরা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবো।

দামুড়হুদা ইজিবাইক চালকদের ধর্মঘট: যাত্রী সাধারণের ভোগান্তি

চুয়াডাঙ্গা জেলা শহরে ইজবাইক প্রবেশ করতে না দেওয়ায় দামুড়হুদায় ইজিবাইক চালকরা ধর্মঘট করেছে। গতকাল সোমবার সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত তারা দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে মুক্তমঞ্চের সামনে ধর্মঘট করে।

এসময় ইজিবাইক চালকরা বলেন, চুয়াডাঙ্গা জেলার সব উপজেলা থেকে ইজিবাইক জেলা শহরে প্রবেশ করতে দিলেও দামুড়হুদা উপজেলার কোনো ইজিবাইক ঢুকতে দিচ্ছে না। যার ফলে আমরা ইজিবাইক চালকরাসহ যাত্রীরা প্রতিনিয়ত ভোগান্তির শিকার হচ্ছি।

একটি মহল ইজিবাইক এসোসিয়েশনের নামে এমন মনগড়া নিয়ম তৈরি করে আমাদের কে প্রতিনিয়িত ভোগান্তি করছে। আমরা অনেকে ভাড়ায় চালিত ইজিবাইক চালায়। চুয়াডাঙ্গা জেলা শহরে আমাদের কে ঢুকতে না দেওয়ার কারণে আমরা মালিক পক্ষদের কে ভাড়ার টাকা পরিশোধ করতে পারছি না।

এছাড়াও আমাদের অনেকে বিভিন্ন এনজিও থেকে ঋণ নিয়ে ইজিবাইক কিনেছি, স্বাধীন ভাবে গাড়ি চালাতে না পারাই আমরা এনজির ঋণ গুলোও পরিশোধ করতে পারছি না। এবং আমাদের উর্পাজন কমে যাওয়ায় পরিবারে নেমে এসছে অভাব-অনটন। এভাবে চলতে থাকলে আমাদের পরিবার গুলো পথে নেমে যাবে।

এ বিষয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সুদুষ্টি কামনা করেছে ইজিবাইক চালকরা। ভুক্তভোগী যাত্রীরা অভিযোগ করে বলেন, ভেঙ্গে ভেঙ্গে

ইজিবাইক চলার কারণে আমাদের কে গুনতে হচ্ছে অতিরিক্ত ভাড়া।

বিশেষ করে বাসে যাতায়াত করা যাত্রীদের প্রহাতে হচ্ছে ভোগান্তি। বিশেষ করে মহিলা যাত্রীদের কে বেশি ভোগান্তি প্রহাতে হচ্ছে। অনেকটাই বাধ্য হয়ে অতিরিক্ত ভাড়ায় আমাদের যাতায়াত করতে হচ্ছে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন, এটা জেলা প্রশাসক স্যারের সিদ্ধান্ত, এক উপজেলা থেকে আর এক উপজেলায় ইজিবাইক প্রবেশ
করবে না। তবে অভিযোগ পেয়েছি যে, চুয়াডাঙ্গার ইজিবাইক গুলো দামুড়হুদায় আসছে। এবিষয়ে ওসি দামুড়হুদা কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছি।

মুজিবনগরে গাঁজা বিক্রির অপরাধে এক মহিলার কারদণ্ড

মুজিবনগরে গাঁজা বিক্রির অপরাধে সালেহা খাতুন নামের একজন মুদি ব্যবসায়ীকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫ শত টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
গতকাল সোমবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার(ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম।

সালেহার খাতুন মুজিবনগর উপজেলার ওয়াশিম আলমের স্ত্রী। মোবাইল কোর্টের ঘটনা শোনার পর পর ওয়াশিম আলম পালাতক রয়েছে।

অভিযান পরিচালনাকারী জানান, মহাজনপুর বাজারের ছালেহা খাতুনের মুদি দোকানে গাঁজা বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।
অভিযান চলাকালীন সালেহার দোকানে ১৪০ গ্রাম গাঁজাসহ তাকে

হাতেনাকে আটক করা হয়। এবং তার বাড়িতে তল্লাশী চালিয়ে আরও ৫শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

এ সময় তিনি এই গাঁজা ভারত থেকে কিনে এনে নিজ দোকানে বিক্রি করেন বলে ভ্রাম্যমাণ আদালতের নিকট স্বীকারোক্তি দেন।

পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মাদক বিক্রির অপরাধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) এর সারণি ক্রমিক নং ১৯(ক) অনুসারে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫শত টাকা জরিমানা করা হয়।

পলায়নকৃত আসামি ওয়াশিম আকরামের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়াধীন আছে। জনস্বার্থে এ ধরণের অভিযান অব্যাহত থাকবে। অভিযান চলাকালীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস সার্বিক সহযোগীতা করেন।

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেনের নির্বাচনী মতবিনিময়

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আয়ুব হোসেন আসন্ন আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫ নং ওয়ার্ড ঢোলমারী গ্রামে এক মহিলা সমাবেশের আয়োজন করে। সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেহেরপুর এক আসনের সংসদ সদস্য বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের উন্নয়নের কথা তুলে ধরে নৌকা মার্কায় ভোট পার্থনা করেন।

সমাবেশে তিনি বলেন, মেহেরপুরের সৈয়দা মোনালিসা হোসেন মেহেরপুর তথা মুজিবনগরের নারীদের জন্য এক অনুকরণীয় মানুষ। তিনি পিছিয়ে পড়া নারীদের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন। তাই প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও সৈয়দা মোনালিসা হোসেন

এর হাত কে শক্তিশালী করার জন্য এবং উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে নৌকা মার্কার পক্ষে থাকুন এবং নৌকা মার্কায় ভোট দিন।

তিনি আরো বলেন, আমি দুই দুই বার নির্বাচিত চেয়ারম্যান। আমি গত ১০ বছরে এই বাগোয়ান ইউনিয়নের অসংখ্য বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, রাস্তা ঘাটসহ অনেক উন্নয়ন করেছি। এই উন্নয়ন এর ধারা অব্যাহত রাখতে আমি যদি নৌকা পায় আপনারা আমাকে আবার ভোট দিয়ে চেয়ারম্যান করবেন, যাতে আমার অসমাপ্ত কাজ সমাপ্ত করতে পারি এবং বাগোয়ান ইউনিয়নকে বাংলাদেশের ভিতরে মডেল ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে পারি।

ঢোলমারি গ্রাম আওয়ামী লীগের সভাপতি ছাবদার রহমান এর সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঢোলমারি গ্রাম আওয়ামী লীগের সহ-সাধারণ সম্পাদক নাজমুল ইসলাম, তোফাজ্জেল হোসেন, ঢোলমারী গ্রাম আওয়ামী লীগের সদস্য বুধোন মন্ডল, ফজলু শেখ, ঝটন মন্ডল, রনজিত বিশ্বাস, অঞ্জন দাশ,

৫নং ওয়ার্ড যুবমহিলা লীগের সভাপতি সেফালি মন্ডল, ৬নং ওয়ার্ড যুবমহিলালীগের সাধারণ সম্পাদক সাথী মন্ডল, সদস্য কল্পনা মন্ডল, জোহনা বিশ্বাস, বেদেনা তালুকদার, সুমিত্রা তরফদার।

এ সময় ঢোলমারী গ্রামের অসংখ্য মহিলা পুরুষ এই মতবিনিময় সভায় উপসিস্থত থেকে আয়ুব হোসেনকে আবার নৌকা প্রতীক দিয়ে চেয়ারম্যান করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এর কাছে আবেদন করেন।

মতবিনিময় সভাটি সঞ্চালনায় ছিলেন বাসন্তী মন্ডল।

মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালতে এসএম বি ব্রিকস এর মালিককে

জরিমানা

মুজিবনগরে কাঠ-জ্বালানী দিয়ে ইট পোড়ানো ও ফসলি জমিতে মাটি কাটার অপরাধে একটি ইট ভাটায় ৫০হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল সোমবার বিকালে মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে এসএম বি ব্রিকস এর মালিকের সাথে এ জরিমানা আদায় করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, এসএম বি ব্রিকস এ কাঠ-জ্বালানী দিয়ে ইট পোরানো হচ্ছে এবং ফসলি জমি থেকে ইট তৈরির জন্য মাটি কেটে নিয়ে আসছে ইট ভাটার মালিক মশিউর রহমান।

এমন সংবাদের ভিত্তিতে বিকালে সেখানে অভিযান চালানো হয়। ঘটনা সত্যি হওয়ায় ইট ভাটায় ভ্রাম্যমাণ আদালত বসানো হয়।

সরকারি ভাবে নিশিদ্ধকৃত কাঠ-জ্বালানি দিয়ে ইট পোড়ানো ও ফসলি জমি থেকে ইট তৈরির জন্য মাটি কাটার অপরাধে ভাটা মালিকের কাছ থেকে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইনে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

তিনি আরো জানান, এছাড়া বাগোয়ান বাজারে একটি দোকানে অসাস্থকর খাবার রাখার দায়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৫শত টাকা জরিমানা করা হয়।

জীবননগরের হাসাদাহে বঙ্গবন্ধু

গোল্ড কাপ ফুটবল

জীবননগর উপজেলার হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ড কাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। গত রবিবার বিকালে হাসাদাহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় হাসাদাহ রেনের্সাস ক্লাব একাদশ বনাম জীবননগর খেলোয়ার কল্যাণ সমিতি একাদশ মুখোমুখি হয়। খেলায় হাসাদাহ রেনের্সাস ক্লাব ০-১ গোলে জীবননগর খেলোয়ার কল্যাণ সমিতি একাদশ জয়ী হয়। খেলায় প্রথমে জীবননগর খেলোয়ার সমিতি একাদশের খেলোয়ার শামিমের বা পায়ের একটি শটে গোল হলে হাসাদাহ রেনের্সাস ক্লাবের খেলোয়ারেরা গোল শোধ করার লক্ষে মরিয়া হয়ে ওঠে। খেলার সময়ের মধ্যে গোল না শোধ করতে না পারায় খেলায় সময় শেষ হলে রেফারির বাঁশি বাজিয়ে দেয়।

খেলাই ম্যান অব দ্য মাচ এর পুরস্কার গ্রহণ করেন জীবননগর খেলোয়ার কল্যাণ সমিতি একাদশের খেলোয়ার শামিম। পুরস্কার বিতরণের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জীবননগর উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল সালাম ইশা, বিশেষ অতিথি ছিলেন, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডি এম মতিয়ার রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন হাসাদাহ ইউনিয়নের যুবলীগের সভাপতি জুম্মত আলী মন্ডল, হাসাদাহ ইউনিয়ন আ.লীগের ৫নং ওয়ার্ডের সভাপতি শুকুর আলী মন্ডল, হাসাদাহ ইউনিয়নের যুবলীগের সহ-সভাপতি মিন্টু মিয়া, যুগ্ম-সম্পাদক তরিকুর ইসলাম, সাংবাদিক আল-আমিন, মনিরুজ্জামান রিপন, বদরুজ্জামান শ্যামল, যুবলীগের নেতা রহিম, লালন মন্ডল, লাল্টু মিয়া, আব্বাস আলী, মাসুম মন্ডল, আলাউদ্দীন প্রমুখ।

খেলায় জীবননগর খেলোয়ার কল্যাণ সমিতি একাদশের অধিনায়কের দায়িত্ব ছিলেন সবুজ ও হাসাদাহ রেনের্সাস ক্লাবের অধিনায়ক সুমন। খেলাই ধারাভ্যাকারে ছিলেন সাব্বির রহমান, রেফারি ছিলেন ইসমাইল; সহকারী ছিলেন হাবিবুর রহমান ও টুটুল।

বাংলাদেশ কন্ঠ’র জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেলেন তানজীর ফয়সাল

ঢাকা থেকে প্রকাশিত জাতীয় দৈনিক বাংলাদেশ কন্ঠ’র চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেলেন দৈনিক আমাদের চুয়াডাঙ্গা’র ব্যবস্থাপনা সম্পাদক ও চুয়াডাঙ্গার বহুল প্রচলিত মা মাটি ও মানুষের মুখপত্র দৈনিক পশ্চিমাঞ্চল এর দামুড়হুদা অফিসের সহকারী অফিস প্রধান তানজীর ফয়সাল।

গতকাল বাংলাদেশ কন্ঠ’র সম্পাদক ফারুক খান স্বাক্ষরিত নিয়োগ ও পরিচয় পত্র হাতে পেয়েছেন। জাতীয় দৈনিকে নিয়োগ পাওয়ায় দৈনিক পশ্চিমাঞ্চলের প্রকাশক ও সম্পাদক, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবীব, অর্থ সম্পাদক শমশের আলী, বাংলাদেশ খবরের জেলা প্রতিনিধি শামসুজ্জামান পলাশ, বিডি ফোকাসের নির্বাহী সম্পাদক রোকুনুজ্জামান,

দৈনিক আমাদের চুয়াডাঙ্গা’র নির্বাহী সম্পাদক এ এইচ কামরুল, দৈনিক সকালের সময় প্রত্রিকার জেলা প্রতিনিধি শামীম রেজা, দৈনিক লাখো কন্ঠ’র জেলা প্রতিনিধি হিরন, দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা অফিস প্রধান এম আই মিরাজ, উপজেলা কৃষক সংগঠনের সভাপতি শামসুল ইসলামসহ দামুড়হুদা ওরা বন্ধু সংঘ’র সকলক সদস্য বৃন্দ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

আলমডাঙ্গায় গ্রাম্য মন্ডলকে পাগড়ি প্রদান

আলমডাঙ্গার বাড়াদি বাজার পাড়ায় গ্রাম্য মন্ডলি ও পাগড়ি প্রদান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বেলা ১১ টার দিকে বাড়াদি গ্রামের বাজার পাড়ার মুনসুর আলিকে পাগড়ি পড়িয়ে গ্রাম্য মন্ডল প্রধানের দায়িত্ব প্রদান করা হয়।

অনুষ্ঠানে কুমারী, জেহালা ও বাড়াদি ইউনিয়নের ১৬ টি গ্রামের মন্ডল প্রধানরা উপস্থিত ছিলেন।

কলিমুদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আজিজুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন কলিমুদ্দিন, বাড়াদি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মকবুল হোসেন, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাকিল হোসেন, সাধারণ সম্পাদক ইলিয়াস হোসেন, জালাল উদ্দিন, মিজানুর রহমান, মোস্তাক আহমেদ স্বপন, তাইজেল হোসেন, মালেক, আ: হামিদ, আজগার, আব্বাস উদ্দিন, আসাদুল হক প্রমুখ।

অনুষ্ঠান শেষে গ্রাম প্রধান হিসেবে মুনসুর আলিকে পাগড়ি প্রদান করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালে বেড়েছে রোগীর চাপ

শীতজনিত কারণে মেহেরপুর জেনারেল হাসপাতালে বাড়তে শুরু করেছে শ্বাসকষ্টজনিত রোগীর চাপ। মেহেরপুর ২৫০ শয্যার হাসপাতালের বহির্বিভাগে এখন রোগীর চাপ বেড়েছে দ্বিগুণের বেশি। কর্তৃপক্ষ বলছে, হাসপাতালটিতে ভর্তি রোগী ও আউটডোরে চিকিৎসা নেওয়া ৩৫ শতাংশই শীতজনিত রোগে আক্রান্ত। যতই বাড়তে শুরু করেছে শীতের সময়, ততই হাসপাতালে বাড়ছে শ্বাসজনিত রোগীর চাপ। অ্যাজমা, নিউমোনিয়া, ডায়রিয়া, অ্যালার্জি, সর্দি-কাশি যেন আকড়ে ধরেছে মানুষকে।

যদিও শীত তিব্রতা এখন কম তারপরও প্রতিদিনিই বাড়ছে রোগীর সংখ্যা, আগে দৈনিক ৩০-৪০ জন সেবা নিলেও গত কিছুদিন ধরে তা বেড়ে দাঁড়িয়েছে ১৫০-২০০ জনে। আর হাসপাতালটিতে ভর্তি থাকা রোগীর ৩৫ শতাংশই শীতজনিত রোগে আক্রান্ত। আর গত এক সপ্তাহে হাসপাতালটিতে রোগী

ভর্তি হয়েছে ৯৮ জন ঠান্ডাজনিত সমস্যা নিয়ে।

এছাড়াও প্রতিদিন গড়ে ৩০-৩৫ জন নতুন রোগী ভর্তি হচ্ছে এবং সুস্থ্য হয়ে বাড়ি যাচ্ছে ২০-২৫ জন। বর্তমানে ডায়রিয়া ওয়ার্ডে ১০ বেডের বিপরীতে ৩২ জন, পুরুষ ও শিশু ওয়ার্ডে ৪০ বেডের বিপরীতে ৯৮ জন মহিলা ও গাইনি ওর্য়াডে ৪০ বেডের বিপরীতে ৮৫ জন চিকিৎসা নিচ্ছে। নতুন রোগীদের মধ্যে বেশির ভাগই শিশু ও বৃদ্ধ। তাই শীতে বাড়তি সতর্কতারও পরামর্শ চিকিৎসকদের।

এ দিকে ১০০ শয্যার হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নিত করার বয়স হয়েছে প্রায় ১ যুগেরও বেশি। কিন্তু পর্যাপ্ত জনবল ও সরঞ্জাম এখনো পৌছাইনি হাসপাতালে। এতে রোগীর সংখ্যা যে হারে বাড়ছে তাতে চিকিৎসা দিতে হিমশিম খাচ্ছে চিকিৎসকরা। অন্যদিকে নিচের পুরুষ ওর্য়াডটি করোনা ওয়ার্ড করায় পুরুষ রোগীদের শিফট করা হয়েছে শিশু ওয়ার্ডে এতে রোগীর চাপে পা ফেলার জায়গা নেই সেখানে।

জেনারেল হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডা. আশীষ কুমার দেবনাথ জানান, ক’দিন আগেও হাসপাতালে রোগীর চাপ কম ছিল। কিন্তু দুয়েকদিন ধরে রোগীর সংখ্যা বাড়ছে। আবহাওয়াজনিত কারনে মানুষরা বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে।

হাসপাতালের কনসালটেন্ট (শিশু) ডা. মাহবুবা তাজমিলা জানান, ঠান্ডা জনিত সর্দি-কাশি, ডায়রিয়া, এলার্জি, একিউট ব্রঙকিউলাইটিস, নিউমোনিয়া ইত্যাদি রোগের প্রকোপ এখন বেশি। বিশেষ করে বয়স্ক ও শিশুরা এইসব রোগে বেশি আক্রন্ত হচ্ছে।

আবাসিক মেডিক্যাল অফিসার ডা. মকলেছুর রহমান জানান, বর্তমানে হাসপাতালে রোগীর চাপ একটু বেশি। প্রতিবছরই এইসময়টাতে মানুষজন বিভিন্ন রোগে বেশি আক্রন্ত হয়। আমাদের জনবল সংকট, তারপরও চেষ্টা করছি, যাতে রোগীরা সঠিক সেবা পাই।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম জানান, হাসপাতালে সিনিয়র কনসালটেন্ট মেডিসিন, শিশু, সার্জারি, কার্ডিওলজি, জুনিয়র অর্থ সার্জারি, চক্ষু, গাইনি, এনেসথেসিয়া, প্যাথলজি, রেডিওলজি, চর্ম ও যৌন, আরএমও, রেডিওলজিস্ট, প্যাথলোজিস্ট, মেডিক্যাল অফিসারসহ অন্যান্য পদে ৪২টি সৃষ্ট পদ থাকলেও আছে মাত্র ১৭ জন। ফাঁকা রয়েছে ২৫টি পদ। এদের মধ্যে ১১ জন মেডিক্যাল অফিসারের মধ্যে রয়েছে মাত্র ২ জন। সংকট আর সমস্যা নিয়েই হাসপাতালটিতে চিকিৎসাসেবা চালু রাখা হয়েছে। তবে জনবল কম

থাকলেও রোগীদের সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্ট করছি।

গাংনীতে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ১শ পিচ ইয়াবাসহ লিখন মিয়া (২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার সন্ধায় গাংনীর রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটক লিখন মিয়া একই গ্রামের আনোয়ার হোসেন এর ছেলে। জেলা গোয়েন্দা পুলিশের এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাংনীর চর গোয়াল গ্রামে অভিযান চালিয়ে ১শ পিচ ইয়াবাসহ একজনকে আটক করা হয়।

আটক লিখন মিয়ার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর